2020

AECC - 1.1 Chg

MODERN INDIAN LANGUAGE — BENGALI

Full Marks : 80

প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

For B.Com. Honours and General Candidates

[For Candidates of 2018-2019 batch and onward Vide CSR/10/18 Dated 30.05.2018]

সঠিক উত্তরটি চিহ্নিত করো।

প্রতিটি প্রশ্নের মান - ২ ২×৪০

1. "বিশ্বের ভাবে পল্লীর হৃদয়কে ভরিয়া দিবার উপযুক্ত অবসর" —
(A) মেলা (B) শিক্ষা (C) ধর্ম (D) খেলা।

2. সমাজের প্রত্যেক ব্যক্তি প্রত্যহ অতি অল্পপরিমাণেও কিছু উৎসর্গ করবে —
(A) সমাজের জন্য (B) পরিবারের জন্য (C) স্বদেশের জন্য (D) মেলার জন্য।

3. "স্বদেশের ভার আমরা প্রত্যেকেই এবং প্রতিদিনই গ্রহণ করিব— তাহাতে" —
(A) আমাদের গৌরব, আমাদের ধর্ম (B) আমাদের শিক্ষা, আমাদের ধর্ম
(C) আমাদের গর্ব, আমাদের সাহস (D) আমাদের স্বাধীনতা, আমাদের ধর্ম।

4. প্রচলিত প্রবাদ অনুসারে "জোনাকিপোকা প্রদীপে পুড়িলে যে ধুঁয়া বাহির হয় তাহা অত্যন্ত" —
(A) অমঙ্গলকর (B) পবিত্র (C) মঙ্গলময় (D) বিষ।

5. রবারের সঙ্গে গন্ধক মিলিয়ে প্রস্তুত হয় —
(A) ইবনাইট (B) ফসফরাস (C) সেলিউলয়েড (D) গাটাপার্চা।

6. বিজ্ঞানের লক্ষ্য— জটিলকে অপেক্ষাকৃত —
(A) সরল করা (B) দুরূহ করা (C) জনপ্রিয় করা (D) অপ্রচলিত করা।

7. "অশিক্ষিত স্ত্রীলোকের শত দোষ সমাজ অম্লান বদনে" —
(A) মানিয়া লয় (B) অগ্রাহ্য করিয়া থাকে (C) ক্ষমা করিয়া থাকে (D) বাড়াইয়া দেয়।

8. "আমরা বুদ্ধিবৃত্তির অনুশীলন করি না বলিয়া তাহা ________"। শূন্যস্থানে উপযুক্ত শব্দটি/শব্দগুলি হল—
(A) লুপ্ত হইয়াছে (B) হীনতেজ হইয়াছে (C) তীক্ষ্ণ হইয়াছে (D) পরাধীন হইয়াছে।

9. “আমরা অকর্মণ্য পুতুল-জীবন বহন করিবার জন্য সৃষ্ট হই নাই, একথা নিশ্চিত।” — এই উক্তি —

(A) স্ত্রীজাতির (B) পুরুষজাতির (C) সমাজপতিদের (D) শিশুদের।

10. প্রাকৃতিক নিয়মে বলবান হয়েছে কোথাকার ভাষা?

(A) ইংরেজদের ভাষা (B) গ্রামের ভাষা (C) মেদিনীপুরের ভাষা (D) কলকেতার ভাষা।

11. কলকাতায় আসবার সময় ফটিক যাদেরকে সুর করে জল মাপতে দেখেছিল —

(A) মাঝিদের (B) খালাসিদের (C) জেলেদের (D) পথিকদের।

12. ‘ছুটি’ গল্পের সমাপ্তিতে ফটিক মায়ের কাছ থেকে ছুটি নিয়ে যেথায় যাচ্ছে বলেছিল —

(A) মামার বাড়ি (B) নদীর ধারে (C) কলকাতায় (D) বাড়ি।

13. ‘জীবিত ও মৃত’ গল্পে রানীহাটের জমিদারের নাম ছিল —

(A) বংশনারায়ণবাবু (B) শারদাশংকরবাবু (C) বিশ্বম্ভরবাবু (D) শিবশংকরবাবু।

14. রতন পোস্টমাস্টারকে যা বলে সম্বোধন করত —

(A) দাদাঠাকুর (B) দাদাবাবু (C) দাদামণি (D) মাস্টারবাবু।

15. পোস্টমাস্টার চলে আসার সময় পকেট থেকে বের করে রতনকে যা দিতে চেয়েছিল —

(A) আংটি (B) চাবি (C) টাকা (D) গহনা।

16. রতনের বয়স ছিল —

(A) বারো-তেরো (B) দশ-এগারো (C) তেরো-চোদ্দো (D) এগারো-বারো।

17. পোস্টমাস্টার রতনকে ঘরের কথা বলার সময় যাদের কথা বলত —

(A) ছোটো ভাই, মা এবং দিদি (B) বাবা, মা এবং দিদি

(C) বড়ো ভাই, দিদি এবং মা (D) মামা, বোন এবং বন্ধু।

18. বলাইকে বিলাতি কায়দায় শিক্ষা দেওয়ার জন্য প্রথমে যেথায় নিয়ে যাওয়া হয় —

(A) মামার কাছে (B) কলকাতায় (C) সিমলে (D) স্কুলে।

19. বলাই-এর প্রকৃতিতে যার সুর প্রবল হয়েছিল —

(A) পশু-পাখির (B) গাছপালার (C) জীবজন্তুর (D) বন্ধুদের।

20. শিমুলগাছের চারা বাগানের খোয়া-দেওয়া রাস্তার যেখানে উঠেছিল —

(A) পাশে (B) শেষে (C) মাঝখানে (D) দু-দিকে।

21. "বৈরাগ্য সাধনে মুক্তি সে আমার নয়" কবিতাটি 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত নং কবিতা?

(A) ৩০ (B) ৯২ (C) ৬৪ (D) ৭০।

22. 'অসংখ্য বন্ধন-মাঝে' কেমন 'মুক্তির স্বাদ' কবি পেতে চেয়েছেন?

(A) মহানন্দময় (B) বর্ণগন্ধময় (C) পরমানন্দময় (D) সানন্দময়।

23. " __________ বেধেছে সংঘাত" — শূন্যস্থানের উপযুক্ত শব্দযুগল হল —

(A) লোভে লোভে (B) স্বার্থে স্বার্থে (C) ধর্মে ধর্মে (D) দেশে দেশে।

24. "ধর্মেরে ভাসাতে চাহে বলের বন্যায়" — 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত নং কবিতার অংশ?

(A) ৬৫ (B) ৬৪ (C) ৭০ (D) ৯২।

25. "তৃপ্তি যেথা ছিল সেথা এল আড়ম্বর" — এই উদ্ধৃত চরণের পরের চরণটি হল —

(A) শান্তি যেথা ছিল সেথা স্বার্থের সমর
(B) চিত্ত যেথা ছিল সেথা এল দ্রব্যরাশি
(C) দেখিতে দেখিতে আজি ঘিরিছে ভুবন
(D) শান্তিময় পল্লী যত করে ছারখার।

26. "যে প্রশান্ত সরলতা জ্ঞানে সমুজ্জ্বল" — 'নৈবেদ্য' কাব্যগ্রন্থের কত নং কবিতার অংশ?

(A) ৭২ (B) ৭০ (C) ৩০ (D) ৯২।

27. "যেন রসনায় মম/সত্যবাক্য ঝলি উঠে খরখড়্গ-সম" — 'রসনা' শব্দের অর্থ হল —

(A) হৃদয় (B) জিহ্বা (C) বাসনা (D) কণ্ঠ।

28. "তব ঘৃণা যেন তারে __________ দহে" — শূন্যস্থানের সঠিক শব্দটি হল —

(A) অগ্নিসম (B) তৃণসম (C) মৃত্তিকাসম (D) চিতাসম।

29. "নিজ হস্তে নির্দয় আঘাত করি পিতঃ" — এই উদ্ধৃত চরণের পরের চরণটি হল —

(A) তুমি সর্ব কর্ম চিন্তা আনন্দের নেতা
(B) ভারতেরে সেই স্বর্গে করো জাগরিত
(C) যেথা তুচ্ছ আচারের মরুবালুরাশি
(D) বসুধারে রাখে নাই খণ্ড ক্ষুদ্র করি।

30. "ছুটিয়াছে, জাতিপ্রেম __________ সন্ধানে" — শূন্যস্থানের সঠিক শব্দটি হল —

(A) মৃত্যুর (B) মুক্তির (C) দিশার (D) পথের।

31. Auditor-General শব্দটির পরিভাষা হল —

(A) মহানিরীক্ষক (B) সাধারণ নিরীক্ষক (C) মহাধিবক্তা (D) মহাগাণনিক।

32. Benefit of doubt শব্দটির পরিভাষা হল —

(A) সন্দেহাবকাশ (B) সন্দেহ (C) সন্দিগ্ধ (D) সন্দেহজনক।

33. Chief Whip শব্দটির পরিভাষা হল —

(A) সচেতক (B) মুখ্য সচেতক (C) নির্দেশ (D) প্রধান বার্তা।

34. Comptroller শব্দটির পরিভাষা হল —

(A) নিয়ামক (B) নির্দেশক (C) হিসাব-নিয়ামক (D) সহায়ক।

35. Demurrage শব্দটির পরিভাষা হল —

(A) বিলম্ব শুল্ক (B) ক্ষতিপূরণ (C) বিলম্ব (D) তছরুপ।

36. Hypothecated শব্দটির পরিভাষা হল —

(A) দায়মুক্ত (B) দায়িত্ব (C) দায়বদ্ধ (D) দায়সারা।

37. Notification শব্দটির পরিভাষা হল —

(A) বিজ্ঞাপন (B) প্রজ্ঞাপন (C) প্রচার (D) মন্তব্য।

38. Stamp Duty শব্দটির পরিভাষা হল —

(A) অতিরিক্ত শুল্ক (B) শুল্ক (C) ভূমি-শুল্ক (D) মুদ্রাঙ্ক-শুল্ক।

39. Testimonial শব্দটির পরিভাষা হল —

(A) নিয়মপত্র (B) শংসাপত্র (C) নিয়োগপত্র (D) নাম-পত্র।

40. Working Capital শব্দটির পরিভাষা হল —

(A) মূলধন (B) কার্যকরী মূলধন (C) চালু মূলধন (D) অবশিষ্ট মূলধন।